

রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - চাঁদ দেখা সংক্রান্ত বিষয়াবলী রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সউদিয়ার চাঁদ অনুসারে রোযা-ঈদ চলবে না

পূর্বেই আলোচিত হয়েছে যে, মুসলিম যে দেশে বাস করবে, সেই দেশেরই চাঁদ দেখা অনুযায়ী রোযা-ঈদ করবে। কেননা, মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেন, "যেদিন তোমরা রোযা রাখ, সেদিন রোযার দিন, যেদিন তোমরা ঈদ কর, সেদিন ঈদের দিন এবং যেদিন তোমরা কুরবানী কর সেদিন কুরবানীর দিন।"[1] সুতরাং সউদী আরবে চাঁদ দেখার কথা প্রমাণ ও ঘোষণা করা হলে এবং যে দেশে ঐ মুসলিম বাস করে সে দেশ পূর্বে হলে ও সেখানে চাঁদ দেখার কথা প্রমাণ ও ঘোষণা না হলে সে সউদিয়ার ঘোষণা মতে রোযা-ঈদ করতে পারে না। যেমন সউদিয়ার ইফতারীর সময় অনুসারে অন্য দেশের কেউ ইফতারী করতে পারে না।[2]

ফুটনোট

- [1] (তিরমিয়ী, সিলসিলাহ সহীহাহ, আলবানী ২২৪নং)
- [2] (ফাসিঃ, মুসনিদ ২০পৃঃ)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4015

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন